গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.edwardcollege.edu.bd
e-mail:edwardcollegebd@yahoo.com

Bangladesh

মুজিব শতবর্ষ

স্মারক নং-সএক/ ৩৮২ তারিখ: ০৭/০৫/২০২৪ খ্রি.

# ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে পাবনা সরকারি এডওয়ার্ড কলেজে ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক প্রার্থীদের আগামী ০৭.০৫.২০২৪ থেকে ২০.০৫.২০২৪ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে On-Line-এর মাধ্যমে রেজিস্ট্রেশন আবেদন ফরম পূরণ করতে হবে। ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট=১,৪৫০/- (এক হাজার চারশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে জমার পে-স্লিপসহ আবেদন ফরমটি প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আগামী ০৭.০৫.২০২৪ থেকে ২০.০৫.২০২৪ তারিখ বেলা ১.০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। **এ ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত আবেদন ফরমের রোল নম্বর শিক্ষার্থীর বিল নম্বর হিসেবে ব্যবহার করতে হবে।**

১। আবেদনের যোগ্যতা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। অনলাইন রেজিস্ট্রেশন আবেদনের নিয়মাবলী

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters private ) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও প্রথমপর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের) ও ইমেইল ঠিকানা সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে ঐ আবেদনকারীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

গ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা ভিত্তিক নির্বাচিত কলেজের নাম সিলেক্ট করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স প্রাইভেট প্রোগ্রামে তার রেজিস্ট্রেশন যোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিতা বিষয় নির্ধারণ করতে হবে।

ঘ) আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120X150 Pixels,Image Type:jpg এবং maximum file size:50kb হতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত (যে শিক্ষাবর্ষে হোক না কেন) কোন শিক্ষার্থী ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষে " জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যাক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিষ্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) আবেদনকারীকে সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে **A4(8.5"x11")** অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদনকারীকে তার আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সটিক আছে কিনা তা যাচাই করে নিতে হবে। অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে **Masters Tab**-এ গিয়ে সংশোধন করতে হবে।

জ। আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীর স্নাতক ( সম্মান)/ ১ম পর্ব মাস্টার্স ( নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স ( নিয়মিত/প্রাইভেট) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামর কপি, আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত )টাকা, ইনকোর্স পরীক্ষার ফি ৩০০/- (তিনশত) টাকা, ব্যবস্থাপনা ফি ৫০/-(পঞ্চাশ) টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে।

৩। নির্ধারিত বিষয়:

ক) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা।

খ) মাস্টার্স(প্রাইভেট) প্রোগ্রামে আবেদনকারীকে স্নাতক (সম্মান)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স ( নিয়মিত/প্রাইভেট) পর্যায়ে পঠিত বিষয়ে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হবে।

গ) ২০২২ সালের মাস্ট্রার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।

ঘ) মাস্টার্স(প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

৪) প্রয়োজনীয় কাগজপত্র (যা অনলাইন প্রিন্ট কপির সাথে সংযুক্ত করে কমিটির নিকট জমা দিতে হবে)
স্নাতক (সম্মান)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষারসত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামর কপি ।

৫) টাকা প্রদানের নিয়মঃ **DBBL-** এর মোবাইল ব্যাংকিং এর রকেট অ্যাপস হতে **Bill pay>Govt Edward College>Student ID (Admission Roll)>Validate** এই পদ্ধতিতে টাকা পরিশোধ করতে হবে।

| | | |
|---|---|---|
| প্রতিস্বাক্ষর<br>07.05.2024<br>(প্রফেসর ড. মো. মাহবুব সরফরাজ)<br>অধ্যক্ষ<br>সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।<br>প্রফেসর ড. মো. মাহবুব সরফরাজ<br>আইডি নং-৩২৭৬<br>অধ্যক্ষ<br>সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। | | (এম. এস. নওরীন নূর নীলা)<br>Nowreen 7/5/24<br>আহবায়ক<br>মাস্টার্স নিয়মিত/প্রইভেট ভর্তি কমিটি<br>কমিটি-২০২১-২০২২<br>সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। |

স্মারক নং-সএক/ ১৮২/২৪ তারিখ: ০৭/০৫/২০২৪

অবগতি ও কার্যার্থে অনুলিপি ওপ্রেরণ করা হল:

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

৩-২১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

২২। আহবায়ক, মাস্টার্স নিয়মিত/প্রইভেট ভর্তি কমিটি কমিটি-২০২১-২০২২


২৩। আহবায়ক, ওয়েবসাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।

২৪। হিসাবরক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

## সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা- এর সফটওয়্যার এ মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশন প্রক্রিয়া


শিক্ষার্থীরা নিম্নোক্ত User Name ও Password দিয়ে **https://edwardcollege.eshiksabd.com/** সফটওয়্যার এ ঢুকে তাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

**User Name:** edwardstudent
**Password :** edwardstudent





### ভর্তির প্রক্রিয়া

সফটওয়্যার এ Login করার পর Admission এ ক্লিক করে Click for New Admission এ ক্লিক করতে হবে।






Masters (Private)- Accounting

Select Group থেকে Masters সিলেক্ট করে, Select Department থেকে ~~(Hons-Accounting)~~ বা যে বিভাগে ভর্তি হতে চায় তা সিলেক্ট করে NU Admission Roll দিয়ে Check for Admission এ ক্লিক করতে হবে।



এরপর শিক্ষার্থীকে নিম্নোক্ত তথ্য সমূহ পূরণ করতে হবে।








Save এ ক্লিক করার পর টাকার পরিমানসহ পূরণকৃত ভর্তির ফরম আসবে। শিক্ষার্থীরা Rocket এ NU Admission Roll দিয়ে নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে রোল পড়বে এবং শিক্ষার্থীর মোবাইল নম্বরে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে। এরপর শিক্ষার্থীকে Application Form Reprint এ ক্লিক করে Admission Roll দিয়ে পূরণকৃত ভর্তির ফরম ডাউনলোড করে ভর্তি কমিটির কাছে জমা দিতে হবে।

Technical Assistance By:

# Rocket Payment Process

Rocket অ্যাপস হতে Bill Pay → Govt Edward College → Student ID (Admission Roll) → Validate.



- শিক্ষার্থীর নিজের নাম ও ফি এর পরিমাণ দেখতে পাবে। এই অনুযায়ী ফি প্রদান করে সফটওয়্যার এর Application Form Reprint করলে আবেদন ফরমে স্বয়ংক্রিয় রোল নম্বর বসবে।
- https://edwardcollege.eshiksabd.com/ **হতে Receipts Print অপশন হতে পে স্লিপ ডাউনলোড করা যাবে।**

**নমুনাঃ**

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

**GOVT. EDWARD COLLEGE, PABNA**

ESTABLISHED 1898

**Student Fee Collection Slip**

(Student Copy)

**Student Name:** [redacted] **Admission Roll/Class Roll:** [redacted]

**Department/Group :** Hons - Accounting

| Bank/MFS | Transaction No | Date | Fee Type | Amount |
|---|---|---|---|---|
| rocket | 4405747504 | 21-Mar-2024 | New Admission | 5,231 |

**Amount in Word:** Taka Five Thousand Two Hundred Thirty One only

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

**GOVT. EDWARD COLLEGE, PABNA**

ESTABLISHED 1898

**Student Fee Collection Slip**

(College Copy)

**Student Name:** [redacted] **Admission Roll/Class Roll:** [redacted]

**Department/Group :** Hons - Accounting

| Bank/MFS | Transaction No | Date | Fee Type | Amount |
|---|---|---|---|---|
| rocket | 4405747504 | 21-Mar-2024 | New Admission | 5,231 |

**Amount in Word:** Taka Five Thousand Two Hundred Thirty One only